ভোরের কাগজ

17

তারিখ ...JUL ২৪-১৯৯৯ ...
পৃষ্ঠা 2 কলাম ৭......

# ছাত্র ইউনিয়ন সারা দেশে আজ বিক্ষোভ সমাবেশ ও ডিসি অফিস ঘেরাও করবে

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক : বাংলাদেশ ছাত্র ইউনিয়ন আজ বুধবার তিন দফা দাবিতে সারাদেশে বিক্ষোভ সমাবেশ ও ডিসি অফিস ঘেরাও করবে। তাদের দাবির মধ্যে রয়েছে প্রোটিন হত্যার বিচার, ছাত্র ইউনিয়নের ওপর হামলাকারী পুলিশদের বিচার এবং দেশের প্রগতিশীল সংগঠনের নেতাকর্মীদের ওপর হামলা নির্যাতন বন্ধ করা। ঢাকা বিশ্ববিদ্যালয় মধুর কেন্টিনে আয়োজিত সংবাদ সম্মেলনে তারা এসব দাবিতে কর্মসূচি ঘোষণা করে।

সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন সংগঠনের সাধারণ সম্পাদক হাসান তারিক চৌধুরী সোহেল। আরো উপস্থিত ছিলেন সভাপতি মঞ্জুর এ খোদা টরিক, ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি নাদিরা সুলতানা।